



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৩২/২০২৪-২৫/১৩৬

তারিখ: ২৫/১২/২০২৪খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালা সংশোধন/সংযোজন।

পল্লী সঞ্চয় ব্যাংকের মৃত ঋণগ্রহীতাদের ঋণের টাকা সমন্বয়ের নিমিত্ত ২৪/০৩/২০১৯ তারিখের পসব্য/প্রকা/পরি-২৮/২০১৮-১৯/৪৯৬৭ নং স্মারকমূলে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালা জারী করা হয়। পরবর্তীতে ০৮/০৯/২০২০ তারিখের পসব্য/প্রকা/পরি-২৯/২০২০-২১/৭১৫ নং স্মারকমূলে উক্ত নীতিমালা সংশোধন করা হয়। সংশোধিত নীতিমালার কতিপয় শর্ত সংশোধন/সংযোজনের প্রস্তাব পরিচালনা বোর্ডের ০৫/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ১২৪ তম সভায় উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালার নিম্নরূপ সংশোধন/সংযোজন করা হয়েছে:

ক) নীতিমালার অনুচ্ছেদ নং ১ (খ) (৬) এর নিম্নবর্ণিত শর্তটি বাতিল করা হয়েছে:

“এ স্কিম হতে মৃত ঋণগ্রহীতার ঋণ সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট সমিতির রিজুলিউশন আবেদনের সাথে সংযুক্ত করতে হবে”।

খ) নীতিমালার অনুচ্ছেদ নং ১ (খ) এ সংযোজিত শর্ত:

“মৃত্যু সনদে মৃত ব্যক্তির মৃত্যুর কারণ হিসেবে অপমৃত্যু থাকলে সেই ঋণ মৃত্যু ঝুঁকি আচ্ছাদন তহবিল হতে সমন্বয় করা যাবে”।

গ) ঋণ সমন্বয়ের আবেদনের ক্রমিক নং ১৮: “মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণের তথ্যাদি (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ওয়ারিশান সনদসহ)” এর স্থলে “মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণের তথ্যাদি (ঋণ সমন্বয়ের আবেদনকারীর এনআইডি বা জন্ম নিবন্ধন সনদ বা ঋণগ্রহীতার ওয়ারিশান সনদসহ)” হবে।

০২। সংশোধিত মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) নীতিমালার আলোকে ঋণ সমন্বয়ের জন্য নিম্নোক্ত কাগজপত্র জেলা (আঞ্চলিক) কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হলো:

ক) নির্ধারিত ছকে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম হতে ঋণ সমন্বয়ের আবেদনপত্র;

খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত মৃত ঋণগ্রহীতার মৃত্যু সনদ (ডিজিটাল মৃত্যু সনদকে অগ্রাধিকার দিতে হবে);

গ) ঋণ সমন্বয়ের আবেদনকারীর এনআইডি বা জন্ম নিবন্ধন সনদ বা ঋণগ্রহীতার ওয়ারিশান সনদ;

ঘ) Loan Disbursement Sheet;

ঙ) Loan Schedule.

০৩। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) এর সংশোধিত নীতিমালা-২০২৪ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৬ পাতা।


(সালমা বানু) ২৫/১২/২০২৪
ব্যবস্থাপনা পরিচালক

তারিখ: ২৫/১২/২০২৪

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৩২/২০২৪-২৫/১৩৬(১২)
সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৬. জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. প্রোগ্রামার, আইসিটি অপারেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস নথি।



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) এর সংশোধিত নীতিমালা-২০২৪।

একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদানের লক্ষ্যে স্থাপিত হয়েছে পল্লী সঞ্চয় ব্যাংক। ব্যাংকটি ইতোমধ্যে ৪৯০ টি উপজেলায় শাখা স্থাপনের মাধ্যমে প্রায় ৫০ লক্ষ সদস্যকে সেবা প্রদান করছে।

এ ব্যাংকের কার্যক্রম অন্যান্য ব্যাংকের ন্যায় নয়। ব্যাংকটি দরিদ্র জনসাধারণকে নিয়ে গঠিত সমিতিসমূহের ফান্ড সংরক্ষণ, ঋণ প্রদান, ঋণের কিস্তি আদায়, সঞ্চয় আমানত সংগ্রহসহ যাবতীয় আর্থিক লেনদেন পরিচালনা করে থাকে। এ ব্যাংক সমিতির সুবিধাবঞ্চিত সদস্যবৃন্দকে ঋণ প্রদান করে থাকে। সুবিধাবঞ্চিত মানুষকে ঋণ প্রদান করা হয় বিধায় ঋণের বিপরীতে কোন Physical Collateral বা দৃশ্যমান জামানত গ্রহণ করা হয় না। তারা Social Collateral এর বিপরীতে জামানত গ্রহণ করেন। ঋণগ্রহীতা মৃত্যুবরণ করলে দারিদ্র্যহেতু তার উত্তরাধিকারীগণ ঋণ পরিশোধে অক্ষম হয়ে পড়ে যার কারণে উক্ত ঋণের টাকা মেয়াদউত্তীর্ণ খাতে থেকে যায়। ফলে নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ব্যাংকের মেয়াদউত্তীর্ণ ঋণের হার দিন দিন বৃদ্ধি পায়।

ব্যাংকের মৃত ঋণগ্রহীতার ঋণ ফেরৎ দেয়ার দায়-দায়িত্ব তার পরিবারের উপর বর্তায়। ঋণগ্রহীতার উপার্জন দ্বারা তার পরিবারের যাবতীয় খরচ মিটানো হয়, যার কারণে ঋণগ্রহীতার আকস্মিক মৃত্যু হলে তার পরিবারের আর্থিক অনটন দেখা দেয়। ফলে ঋণের টাকা ফেরৎ প্রদানে তারা আর্থিক সক্ষমতা হারিয়ে ফেলে। এরূপ অবস্থায় ঋণ যাতে অনাদায়ী না থাকে বা কোন মৃত্যুজনিত ঝুঁকির মধ্যে না পড়ে সে জন্য সকল মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে ঋণ বীমা কর্মসূচী বিভিন্ন নামে চালু আছে। কর্মসংস্থান ব্যাংকে এরূপ কর্মসূচীর নাম মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম। সে প্রেক্ষাপটে ঋণ গ্রহীতার উত্তরাধিকারীগণকে ঋণের দায় থেকে অব্যাহতি প্রদান এবং ব্যাংকের আদায় অনিশ্চিত মেয়াদউত্তীর্ণ ঋণ আদায়/সমন্বয়ের লক্ষ্যে "মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme)" নামে পল্লী সঞ্চয় ব্যাংকে একটি পরিকল্প প্রবর্তন করা হয়েছে। এ পরিকল্পের ঋণগ্রহীতার অভাবগ্রস্থ পরিবার ঋণের দায় হতে অব্যাহতি পাবে।

পল্লী সঞ্চয় ব্যাংকের জন্য প্রণয়নকৃত "মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম" (Death Risk Coverage Scheme) নীতিমালা নিম্নরূপ :

০১। স্কিমের উদ্দেশ্য ও শর্তাবলী :

(ক) উদ্দেশ্য :

- (১) ঋণগ্রহীতার মৃত্যুজনিত কারণে সৃষ্ট ঋণ আদায় ঝুঁকি মোকাবেলা;
- (২) মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণকে ঋণের দায় থেকে অব্যাহতি দেয়া।

(খ) শর্তাবলী :

- (১) এ স্কিম চালুর পর যে সমস্ত ঋণগ্রহীতা ঋণ গ্রহণ করবেন সে সকল ঋণ গ্রহীতাদেরকে বাধ্যতামূলকভাবে এ স্কিমের সদস্য হতে হবে;
- (২) ঋণ বিতরণের সময় ঋণগ্রহীতার নিকট থেকে "মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম" (Death Risk Coverage Scheme) এর জন্য শতকরা ০.৬০ টাকা হারে সদস্য চাঁদা (Subscription) ঋণগ্রহীতা পল্লী সঞ্চয় ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় পরিচালিত "মৃত্যু ঝুঁকি আচ্ছাদন তহবিল" নামীয় হিসাবে জমা করবেন;
- (৩) দফা (২) এর প্রয়োজনে ঋণ মঞ্জুরীপত্রে "আমি বাধ্যতামূলকভাবে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিমের সদস্য হবো এবং এজন্য সদস্য চাঁদা বাবদ মঞ্জুরীকৃত ঋণের শতকরা ০.৬০ টাকা (অফেরতযোগ্য) পল্লী সঞ্চয় ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় মৃত্যু ঝুঁকি আচ্ছাদন তহবিল হিসাবে জমা প্রদান করবো" মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে বাধ্য থাকবে;
- (৪) এ স্কিমের আওতায় ঋণ সমন্বয়ের জন্য মৃত ঋণগ্রহীতার উত্তরাধিকারীগণকে ব্যাংকের নির্ধারিত ছকে আবেদন করতে হবে। মৃতের উত্তরাধিকারীগণ নগদে কোন আর্থিক সুবিধা পাবেন না;
- (৫) নতুন এবং পুনঃঋণ গ্রহণের ক্ষেত্রেও স্কিমে চাঁদা প্রদান করতে হবে;
- (৬) স্কিমে চাঁদা জমা দেয়ার তারিখ হতে ঋণের মেয়াদ পর্যন্ত মৃত্যু ঝুঁকি আচ্ছাদন বলবৎ থাকবে। তবে স্কিমে চাঁদা প্রদানকারী যদি ঋণ পরিশোধের সর্বশেষ সময়সীমার মধ্যে ঋণ পরিশোধ না করেন অথবা ঋণ মেয়াদ উত্তীর্ণ হয়, সে ক্ষেত্রে এ ঝুঁকি আচ্ছাদন সুবিধা স্বয়ংক্রিয়ভাবে অবসায়ন হবে বলে গণ্য হবে। এ ক্ষেত্রে কোন ধরনের দাবী গ্রহণযোগ্য হবে না;
- (৭) মেয়াদ পূর্তির পূর্বে সমিতির সদস্যপদ বাতিল বা প্রত্যাহার করা হলে স্কিমে জমাকৃত চাঁদা ফেরৎ প্রদানের জন্য দাবী করা যাবে না;
- (৮) মৃত সদস্যের পরিবর্তে স্বামী মারা গেলে স্ত্রী এবং স্ত্রী মারা গেলে স্বামী (যদি থাকে) সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে হবে, অবর্তমানে মৃত ব্যক্তির পরিবারের অন্য কোনো সদস্য অন্তর্ভুক্ত হতে পারবে এবং মৃত ব্যক্তির সঞ্চয় তার নামে স্থানান্তর করা হবে;
- (৯) নতুন অন্তর্ভুক্ত সদস্য সমিতি হতে যথা নিয়মে ঋণ গ্রহণ করতে পারবে;
- (১০) উক্ত স্কিম হতে মৃত সদস্যের অনাদায়ী ঋণের সমপরিমাণ অর্থ মওকুফ করা হবে এবং সমপরিমাণ অর্থ অনুদান হিসেবে অন্তর্ভুক্ত সদস্যকে আয়বর্ধক কাজ শুরুর জন্য প্রদান করা হবে, যার সর্বোচ্চ পরিমাণ হবে ৫০,০০০/- টাকা মাত্র;

(১১) মৃত্যু সনদে মৃত ব্যক্তির মৃত্যুর কারণ হিসেবে অপমৃত্যু থাকলে সেই ঋণ মৃত্যু ঝুঁকি আচ্ছাদন তহবিল হতে সমন্বয় করা যাবে।

২। ব্যাংকের সিবিএস এ মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme) নামে একটি হিসাব খুলতে হবে এবং শাখায় কর্তনকৃত টাকা উক্ত হিসাবে জমা করতে হবে।

৩। মৃত্যু পরবর্তী দায় সমন্বয় : নীতিমালায় সংযুক্ত আবেদনপত্র প্রাপ্তির পর-

(ক) ঋণগ্রহীতার মৃত্যুর তারিখ হতে ঐ ঋণ হিসাবে আর কোন সার্ভিস চার্জ হবেনা। ঋণগ্রহীতার মৃত্যু সংবাদ অবহিত হওয়ার পর সংশ্লিষ্ট মাঠকর্মী, জুনিয়র অফিসার (মাঠ) ও শাখা ব্যবস্থাপক যৌথভাবে সরেজমিনে তদন্ত করে তা নিশ্চিত হবেন। নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট ঋণ হিসাবটি আলোচ্য স্কীমের আওতায় সমন্বয়ের জন্য জেলা কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে সুপারিশ প্রেরণ করতে হবে;

(খ) মাঠ কার্যালয় থেকে উক্ত সুপারিশ পাওয়ার পর তা ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক নিষ্পত্তি হবে;

(গ) ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুকূল সিদ্ধান্ত প্রদান করা হলে উক্ত স্কীমে অর্থ জমা থাকা সাপেক্ষে তা পর্যায়ক্রমে বাস্তবায়ন/ঋণের সাথে সমন্বয় করা হবে;

(ঘ) ঋণ হিসাব সমন্বয়ের পর যাবতীয় কাগজপত্রসহ ঋণ নথিটি শাখায় সংরক্ষণ করতে হবে এবং পরবর্তীতে নিরীক্ষা দলের চাহিদা মোতাবেক উপস্থাপন করতে হবে।

৪। অর্থ আদায় ও হিসাবরক্ষণ পদ্ধতি :

(ক) সংশ্লিষ্ট শাখায় পরিচালিত "মৃত্যু ঝুঁকি আচ্ছাদন তহবিল" এ অনলাইনে ঋণগ্রহীতা এ অর্থ জমা করবেন বা সদস্যের আবেদনের মাধ্যমে তার সঞ্চয় হিসাব থেকে ঋণের ০.৬০% অর্থ স্থানান্তর করা যাবে;

(খ) শাখা ব্যবস্থাপক উক্ত অর্থ আদায়ের বিষয়টি নিশ্চিত হয়ে ঋণ বিতরণের ব্যবস্থা করবেন;

(গ) প্রধান কার্যালয়ের অনুমতির মাধ্যমে মৃত্যুজনিত অর্থ সমন্বয়ের পরে তহবিলের অবশিষ্ট অর্থ, যদি থাকে, প্রধান কার্যালয়ে এ বিষয়ে পরিচালিত কেন্দ্রীয় তহবিলে প্রেরণ করতে হবে।

৫। এ স্কীমে ক্ষুদ্র ঋণ, উদ্যোক্তা ঋণ এবং জামানতবিহীন সকল ঋণের গ্রহীতা অন্তর্ভুক্ত হবেন।

৬। ঋণ পরিশোধের সর্বশেষ তারিখের পরে এ স্কীমে জমাকৃত চাঁদার উপর ঋণগ্রহীতার কোন দাবী থাকবে না।

৭। পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক প্রদত্ত নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে এ স্কীমের আওতায় প্রাপ্য অর্থ আদায় নিশ্চিত হয়ে ঋণ বিতরণ করা হবে।


৮। এ স্কীম চালু হওয়ার পূর্বে পল্লী সঞ্চয় ব্যাংক থেকে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে ঋণগ্রহীতাকে এ মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমের আওতায় আনতে হবে। সেক্ষেত্রে পাওনা ঋণের সাথে মূল ঋণের ০.৬০ টাকা হারে যোগ করে মোট পাওনা নির্ধারণ করা হবে।

৯। এ নীতিমালা জারী এবং কার্যক্রম শুরুর পূর্বে একটি বাড়ি একটি খামার প্রকল্পে থাকাকালীন সময়ে বা পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরের পরে যে সকল ঋণগ্রহীতা মৃত্যুবরণ করেছেন, তাদের কাছে পাওনা ঋণ পল্লী সঞ্চয় ব্যাংকের একটি পৃথক হিসাবে স্থানান্তর করা হবে। মৃত্যু ঝুঁকি তহবিলে অর্থ থাকা সাপেক্ষে বা সরকার বা ব্যাংক কর্তৃক, সময় সময়, গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ঋণ সমন্বয়ের ব্যবস্থা করা হবে।

১০। ঋণগ্রহীতা হিসেবে কোন সদস্য মৃত্যুবরণ করলে তার স্থলে সমিতিতে উক্ত সদস্যের পরিবারের কোন উত্তরাধিকারীকে সমিতিতে অন্তর্ভুক্ত করা হলে এ মৃত্যু ঝুঁকি আচ্ছাদনের অর্থ উক্ত নতুন সদস্যকে প্রদান করা হবে।

১১। ব্যাংক এ নীতিমালা, সময় সময়, সংশোধন, পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে যা ঋণগ্রহীতাগণ পরিপালন করতে বাধ্য থাকবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে,


(সালমা বানু) ১৫/১২/২০-১৪
ব্যবস্থাপনা পরিচালক

শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
.....শাখা

বিষয় : মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme) হতে ঋণ সমন্বয়ের আবেদন।

মহোদয়,

আমার স্বামী/পিতা/মাতা আপনার শাখা হতে ঋণ গ্রহণ করে উহা অনাদায়ী থাকাবস্থায় বিগত.....তারিখে মৃত্যুবরণ করেছেন।
তীর উত্তরাধিকারীগণ ঋণ পরিশোধে অক্ষম বিধায় মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme) হতে ঋণ সমন্বয়ের আবেদন করছি।
এতদসংক্রান্ত নিম্নরূপ তথ্যাদি উপস্থাপন করা হলো, যথা :

১)	সমিতির তথ্যাদি : (ক) সমিতির নাম (খ) সমিতির কোড নং	:	
২)	ঋণ গ্রহীতার তথ্যাদি : (ক) ঋণ গ্রহীতার নাম (খ) সদস্য কোড নং (গ) ঋণ গ্রহীতার পিতার নাম (ঘ) মোবাইল নং (ঙ) সঞ্চয়ী হিসাব নং (চ) স্থায়ী ঠিকানা	:	
৩)	ঋণ হিসাব নং	:	
৪)	ঋণের উদ্দেশ্য	:	
৫)	মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ	:	
৬)	ঋণ বিতরণের পরিমাণ ও তারিখ	:	
৭)	ঋণ মঞ্জুরীপত্রানুযায়ী (ক) কিস্তির সংখ্যা (খ) কিস্তির পরিমাণ	:	
৮)	ঋণের মেয়াদ	:	
৯)	মেয়াদউত্তীর্ণ হওয়ার তারিখ	:	
১০)	সংশ্লিষ্ট ঋণগ্রহীতার নিকট হতে ঝুঁকি স্কীমে আদায়কৃত চাঁদার পরিমাণ	:	
১১)	ঋণ হিসাবে আরোপিত সার্ভিস চার্জের পরিমাণ (মৃত্যুর পূর্ব দিন পর্যন্ত) (কম্পিউটার হিসাব শীট-Loan Schedule, Loan Disbursement Sheet সংযুক্ত করতে হবে)	:	
১২)	মামলা/নোটিশ/অন্যান্য খরচ (যদি থাকে)	:	
১৩)	মৃত্যুর তারিখ পর্যন্ত পাওনা (কিস্তি খেলাপী হয়ে থাকলে Fraction সময়ের জন্য পূর্ণ ০১টি কিস্তি পাওনা ধরতে হবে) (ক) কিস্তি খেলাপীর সংখ্যা (খ) অনাদায়ী কিস্তির পরিমাণ	:	
১৪)	ঋণের মেয়াদের মধ্যে কিস্তি খেলাপ হয়ে থাকলে যৌক্তিক কারণ প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করতে হবে)	:	
১৫)	ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধিত টাকার পরিমাণ	:	
১৬)	ঋণের বর্তমান স্থিতি	:	
১৭)	ঋণগ্রহীতা মারা যাওয়ার তারিখ, জন্ম তারিখ ও বয়স (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মৃত্যুর সনদ সংযুক্ত করতে হবে)	:	
১৮)	মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণের তথ্যাদি (ঋণ সমন্বয়ের আবেদনকারীর এনআইডি বা জন্ম নিবন্ধন সনদ বা ঋণগ্রহীতার ওয়ারিশান সনদসহ)	:	ক্র: নং নাম বয়স সম্পর্ক

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর
মৃত ঋণগ্রহীতার সহিত সম্পর্ক:

** শাখা ব্যবস্থাপক কর্তৃক আবেদনকারীর স্বাক্ষর ভেরিফাইকৃত এবং টিপসহির ক্ষেত্রে নিং, বংকৃত

শাখার মতামত ও সুপারিশ:

উল্লিখিত ঋণগ্রহীতা জনাব/বেগম, সদস্য নং, সমিতির নাম :
.....একজন সদস্য ছিলেন। তিনি বিগত.....তারিখে মৃত্যুবরণ করেছেন। আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত..... তারিখে
সরেজমিনে তদন্ত করে বিষয়টি নিশ্চিত হয়েছি। ঋণ হিসাবটির বর্তমান স্থিতি(.....) টাকা। মৃত্যু ঝুঁকি
আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme) হতে ঋণের সমুদয় টাকা সমন্বয়ের জন্য সুপারিশ করা হলো।

দায়িত্বপ্রাপ্ত মাঠ সহকারীর
সীলসহ স্বাক্ষর ও তারিখ

দায়িত্বপ্রাপ্ত জুনিয়র অফিসার (মাঠ)
সীলসহ স্বাক্ষর ও তারিখ

শাখা ব্যবস্থাপক
সীলসহ স্বাক্ষর ও তারিখ

জেলা কার্যালয়ের মতামত/সুপারিশ:

শাখার সুপারিশের সাথে একমত পোষণ করে ঋণগ্রহীতা জনাব/বেগম.....এর সমুদয় ঋণ মৃত্যু ঝুঁকি
আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme) হতে সমন্বয়ের সুপারিশ করা হলো।

তারিখ:

জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
সীলসহ স্বাক্ষর ও তারিখ

বরাবর,
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক।



ছক-‘খ’

বিষয়: মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death Risk Coverage Scheme) হতে অনুদান মঞ্জুরীর আবেদন।

মহোদয়,

আমার স্বামী/স্ত্রী/পিতা/মাতা/সন্তান আপনার শাখা হতে ঋণ গ্রহণ করে উহা অনাদায়ী থাকারস্থায় বিপত..... তারিখে মৃত্যুবরণ করেছেন। অীর পরিবার ঋণ পরিশোধে অক্ষম বিধায় মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme) হতে ঋণের সমুদল টাকা সমন্বয়ের জন্য ইতোমধ্যেই আবেদন করছি। মৃত সমিতির সদস্য/ঋণ গ্রহীতার তথ্যাদি নিম্নরূপঃ

১)	সমিতির তথ্যাদিঃ (ক) সমিতির নাম (খ) সমিতির কোড নং	:			
২)	ঋণ গ্রহীতার তথ্যাদিঃ (ক) ঋণ গ্রহীতার নাম (খ) সদস্য কোড নং (গ) ঋণ গ্রহীতার পিতার নাম (ঘ) মোবাইল নং (ঙ) সঞ্চয়ী হিসাব নং (চ) স্থায়ী ঠিকানা	:			
৩)	ঋণ গ্রহীতা মারা যাওয়ার তারিখ, জন্ম তারিখ ও বয়স (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মৃত্যুর সনদ সংযুক্ত করতে হবে)	:			
৪)	মৃত ব্যক্তির উত্তরাধীকারীগণের তথ্যাদি (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ওয়ারিশান সনদসহ				
	ক্রঃনং	নাম	মৃত ঋণ গ্রহীতার সাথে সম্পর্ক	বয়স	মন্তব্য

০২। আমার স্বামী/স্ত্রী/পিতা/মাতা/সন্তান জনাব ----- একমাত্র উপার্জন ব্যক্তি ছিলেন। তিনি মারা যাওয়ার পর আমরা আর্থিক অনটনের মধ্যে দিনাতিপাত করছি। আমি স্বর্ণ গ্রহীতার স্বামী/স্ত্রী/পিতা/মাতা/সন্তান। বর্তমানে আমাকেই সংসারের যাবতীয় খরচ বহন করতে হচ্ছে। ইতোমধ্যেই আমি উক্ত মৃত সদস্যের পরিবর্তে সদস্য হয়েছি। এতদসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

১)	সমিতির তথ্যাদিঃ (ক) সমিতির নাম (খ) সমিতির কোড নং	:	:
২)	সদস্যের তথ্যাদিঃ (ক) সদস্যের নাম (খ) সদস্য কোড নং (গ) পিতার নাম (ঘ) মোবাইল নং (ঙ) সংখ্যক হিসাব নং (চ) এনআইডি নং (ছ) স্থায়ী ঠিকানা	:	:

০৩। এমতাবস্থায়, আমার পিতার সঞ্চয় আমার নামে স্থানান্তর এবং সত্তা বাকি আচ্ছাদন কীম (Death Risk Coverage Scheme) হতে -----টাকা অনদান মঞ্জুরের জন্য আবেদন করছি।

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর

সমিতির সভাপতি/ম্যানেজার এর প্রত্যয়নপত্রঃ

উপরোক্ত জনাব -----মৃত সদস্যের -----(সম্পর্ক)। তাকে -----সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। তার আবেদন বিবেচনার জন্য সপারিশ করা হলো।

সমিতির সভাপতি/ম্যানেজার এর স্বাক্ষর
সীল

চলমান পাতা-২

শাখার মতামত ও সুপারিশ:

উল্লিখিত ঋণ গ্রহীতা জনাব/বেগম -----, সদস্য নং -----, সমিতির নামঃ -----
একজন সদস্য ছিলেন। তিনি বিগত ----- তারিখে মৃত্যুবরণ করেছেন। আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত -----
তারিখে সরেজমিনে তদন্ত করে বিষয়টি নিশ্চিত হয়েছি। উক্ত মৃত সদস্যের পরিবর্তে জনাব -----
সদস্য হিসেবে সমিতিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। তাদের পারিবারিক অবস্থা বিবেচনা করে তাকে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম
(Death Risk Coverage Scheme) হতে ----- টাকা অনুদান মঞ্জুরীর সুপারিশ করা হলো।

দায়িত্বপ্রাপ্ত মাঠ সহকারীর
সীলসহ স্বাক্ষর ও তারিখ

দায়িত্বপ্রাপ্ত জুনিয়র অফিসার (মাঠ)
সীলসহ স্বাক্ষর ও তারিখ

(শাখা ব্যবস্থাপক)
সীলসহ স্বাক্ষর ও তারিখ

জেলা কার্যালয়ের মতামত/সুপারিশ:

শাখার সুপারিশের সাথে একমত পোষণ করে জনাব/বেগম -----কে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম (Death
Risk Coverage Scheme) হতে ----- টাকা অনুদান মঞ্জুরীর সুপারিশ করা হলো।

তারিখ:

(জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)
সীলসহ স্বাক্ষর ও তারিখ

বরাবর,
ব্যবস্থাপনা পরিচালক
পরী সঞ্চয় ব্যাংক।